



# কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্র.বি/২০০৯/৩৬৩

তারিখ: ২৮/০৮/২০২৩ খ্রি.

## প্রেস বিজ্ঞপ্তি

### কুবি'র মেডিক্যাল সেন্টারে যুক্ত হলো চিকিৎসা সামগ্রী

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারে যুক্ত হলো অত্যাধুনিক মেডিকেল সামগ্রী। আজ সোমবার (২৮ আগস্ট) একটি বেসরকারি ফার্মাসিউটিক্যাল কোম্পানি বেক্সিমকোর পক্ষ থেকে এসব চিকিৎসা সরঞ্জাম প্রদান করা হয়। কোম্পানির পক্ষ থেকে এসব সরঞ্জাম গ্রহণ করেন কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এ এফ এম আবদুল মঈন।

উপাচার্য অধ্যাপক ড. এ এফ এম আবদুল মঈন বলেন, 'বেক্সিমকোর সাথে আমি যোগাযোগ করার সাথে সাথেই তারা সাড়া দিয়েছেন এবং আমাদের বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারের জন্য সামগ্রী সরবরাহ করেছেন। আজকের এই মেডিকেল সামগ্রী সরবরাহের মাধ্যমে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের সাথে বেক্সিমকোর যে সম্পর্কের সৃষ্টি হলো, আশাকরি আমাদের এই সম্পর্ক বজায় থাকবে।

বেক্সিমকো ফার্মাসিউটিক্যালসের প্রতিনিধি দলের প্রধান এসিস্ট্যান্ট সেলস ম্যানেজার মোহাম্মদ আব্দুল আউয়াল বলেন, কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে মেডিকেল সামগ্রী প্রদান করতে পেরে বেক্সিমকো ফার্মাসিউটিক্যালস খুব খুশি, এতে শিক্ষার্থীরা উপকৃত হবে। তিনি বেক্সিমকোকে সামাজিক দায়িত্ব পালনের জন্য সুযোগ করে দেয়ায় মাননীয় উপাচার্য মহোদয়ের প্রতি কৃতজ্ঞতা জানিয়েছেন এবং ভবিষ্যতেও বেক্সিমকো কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের পাশে দাঁড়াবেন।

উল্লেখ্য, প্রাপ্ত উপহার সামগ্রীর মধ্যে রয়েছে, দুইটি উন্নতমানের বেড, একটি এক্স-রে ভিউ বক্স, একটি ইসিজি মেশিন, একটি অপারেশন সামগ্রী জীবাণু মুক্ত করার অটোক্লেব মেশিন।

(মোহাম্মদ এমদাদুল হক)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)  
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা-৩৫০৬

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সংশ্লিষ্ট নথি